সংবাদ

তারিখ ..05 MAR..2016...
পৃষ্ঠা ...১৬... কলাম...৬......

জবিতে

# নারী সাংবাদিক লাঞ্ছিত : বহিষ্কার চার শিক্ষার্থী

**জবি প্রতিনিধি**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) এবার এক নারী সাংবাদিককে লাঞ্ছিত করার ঘটনা ঘটেছে। এ ঘটনায় দুই ছাত্র এবং দুই ছাত্রীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে। গতকাল জবি প্রক্টর ড. নূর মোহাম্মাদ এ কথা নিশ্চিত করেন। বহিষ্কৃতরা হলেন শিতল, আতিকুর রহমান প্লাবন, সাদিয়া এবং আরেক জনের নাম জানা যায়নি।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী পরিবহনের বাসে বসাকে কেন্দ্র করে একটি রেডিওর সাংবাদিক জবির মিউজিক বিভাগের ১১তম ব্যাচের এক ছাত্রীর (নাম প্রকাশে অনিচ্ছুক) সঙ্গে ম্যানেজমেন্ট বিভাগের অষ্টম ব্যাচের ছাত্রী শিতলের বাকবিতণ্ডা হয়। এ ঘটনার জের ধরে সোমবার সকাল সাড়ে ৮টার দিকে ওই সাংবাদিককে ডেকে নতুন ভবনের সামনে নিয়ে যান শিতল। এ সময় বাকবিতণ্ডার এক পর্যায়ে ওই সাংবাদিকের ওড়না ছিনিয়ে নেয় শিতলের নারী : পৃষ্ঠা : ২ ক : ৫

## নারী : সাংবাদিক

(১৬ পৃষ্ঠার পর)

বন্ধু প্লাবন। এ সময় সাদিয়া নামে শিতলের আরেক বন্ধু ওই সাংবাদিককে মারধর করে। পরে ওই সাংবাদিক বিশ্ববিদ্যালয় প্রক্টরকে জানালে প্রক্টর ঘটনাস্থল পরিদর্শন করেন।

ওই সাংবাদিক বলেন, প্লাবন আমার ওড়না নিয়ে গেছে। এখন পর্যন্ত ফেরত দেয়নি। তার মুখে এবং মাথায় চড় থাপ্পড় দিয়েছেন সাদিয়া ও তার আরেক বন্ধু।

এ বিষয়ে জবি প্রক্টর ড. নূর মোহাম্মাদ বলেন, ওই সাংবাদিককে মারধর করার কথা স্বীকার করেছে সাদিয়া এবং প্লাবন।

তাদের প্রাথমিক স্বীকারোক্তি নিয়ে চারজনকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে। তারা সবাই ম্যানেজমেন্ট বিভাগের অষ্টম ব্যাচের শিক্ষার্থী।

উল্লেখ্য, গত মাসের ১৬ তারিখে জবিতে দুই সাংবাদিকের উপর চাপাতি দিয়ে হামলা চালায় ছাত্রলীগ নামধারী কয়েকজন সন্ত্রাসী।